

০২/০২/২০২২ তারিখ বিকেল ৩.০০টায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের অনলাইন প্লাটফর্ম জুমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

০২/০২/২০২২ তারিখ বিকেল ৩.০০ টায় উদ্ভাবনী ধারণা/ ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগের সভাপতিত্বে অনলাইন প্লাটফর্ম জুম এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের অন্যান্য সদস্য যথাক্রমে :


- ক) ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢা.বি.
- খ) জনাব মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, ওমলএস বিভাগ, ঢা.বি.
- গ) ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢা.বি.
- ঘ) জনাব ইমাম হাসান রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ঢা.বি.
- ঙ) জনাব মো. বদরুল আহছান, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অফিস, ঢা.বি. ছাড়াও এপিএ ফোকাল পয়েন্ট ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩) জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন।

উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের অনলাইন প্লাটফর্মে অনুষ্ঠিত এই সভায় সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ ইনোভেশন টিম সম্পর্কে বিস্তারিত ধারণা উপস্থাপন করেন। পরবর্তীতে সভার অন্যান্য সদস্যবৃন্দ ইনোভেশন টিমের সাথে মূল কমিটির সম্পর্ক, ইনোভেশন টিমের TOR ইত্যাদি বিষয়গুলো নির্ধারণ জরুরী বলে মতামত ব্যক্ত করেন। একই সাথে পরবর্তী সভাটি শারিরিক উপস্থিতিতে করার বিষয়ে উপস্থিত সদস্য মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত :

(১) আগামী ০৭.০২.২০২২ তারিখ দুপুর ১.৩০ মিনিটে প্রচলিত স্বাস্থ্যবিধি মেনে অমর একুশে হলের প্রাধ্যক্ষ মহোদয়ের সভাকক্ষে শারিরিক উপস্থিতিতে একটি সভা আহ্বান করা হোক।

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইসতিয়াক এম সৈয়দ

অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢা.বি. ও

আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ ইনোভেশন টিম